UoM গোপনীয়তা বিজ্ঞপ্তি

The University of Manchester

গবেষণায় অংশগ্রহণকারীদের জন্য গোপনীয়তা সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইউওএম-তে গবেষণা

দ্যা ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার (আমরা) গবেষণার বিশুদ্ধতার সর্বোচ্চ মান বজায় রেখে গবেষণা পরিচালনা করে নিশ্চিত করতে যে তা উচ্চতর শিক্ষাকে উপকারী এবং সমৃদ্ধ দুটিই করে। যেমনটি আমাদের ইউনিভার্সিটি চার্টার-এ বর্ণিত হয়েছে আমাদের গবেষণার ফলাফলগুলো জনস্বার্থে। গবেষণার বিশুদ্ধতার প্রতি আমাদের অঙ্গীকারের অংশ হিসাবে, আমরা জেনারেল ডেটা প্রোটেকশন রেগুলেশন (জিডিপিআর), ইউকে ডেটা প্রোটেকশন অ্যাক্ট 2018 (ডিপিএ) এবং স্বাস্থ্য ও পরিচর্যার ক্ষেত্রে, ইউকে পলিসি ফ্রেমওয়ার্ক ফর হেলথ অ্যান্ড সোশ্যাল কেয়ার রিসার্চ-কে অনুসরণ করে থাকি।

আমরা আপনার দেওয়া ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা এবং সংবেদনশীলতার প্রতি সম্মান দেওয়ার প্রতিশ্রুতি দেই, যা আমরা অন্যান্য সংস্থার কাছ থেকে পাই, এবং যা আমরা অন্যান্য সহযোগী সংস্থাগুলোর সাথে শেয়ার করি (যেমন অন্যান্য ইউনিভার্সিটি বা আমাদের গবেষণা তহবিল প্রদানকারী)। আমরা আপনাকে বলব আমরা কিভাবে আপনার তথ্য ব্যবহার করব, আমরা কিভাবে এটিকে নিরাপদ রাখব এবং এটি কার সাথে শেয়ার করব। আমরা আপনার ব্যক্তিগত তথ্য নিরাপদ রাখতে প্রতিশ্রুতিবদ্ধ এবং আপনি সম্মতি না দেওয়া পর্যন্ত অন্য কোনও উদ্দেশ্যের জন্য আপনার সাথে যোগাযোগ করতে এটি ব্যবহার করব না।

জিডিপিআর-এর অধীনে করা গবেষণার একটি বিশেষ মর্যাদা রয়েছে। আমাদের স্টাফ এবং পোস্ট গ্র্যাজুয়েট গবেষণার শিক্ষার্থীদের দ্বারা পরিচালিত গবেষণা (যারা পিএইচডি বা মাস্টার্স ইন ফিলোসফি এর জন্য পড়াশোনা করছেন) জ্ঞানের ক্ষেত্রে মূল অবদান রাখছে বলে সংজ্ঞায়িত করা হয় যা সেই জ্ঞান শেয়ার করার জন্য প্রকাশিত হয়।

গবেষণা প্রকল্পগুলো আন্ডার গ্র্যাজুয়েট এবং পোস্ট গ্র্যাজুয়েট (মাস্টার্স ইন আর্টস/সায়েন্স ইত্যাদি) শিক্ষার্থীদের দ্বারা তাদের অধ্যয়নের প্রোগ্রামের প্রয়োজনীয়তাগুলো পূরণের জন্যেও পরিচালিত হতে পারে। যদিও এই প্রকল্পগুলো জ্ঞানের ক্ষেত্রে মূল অবদান রাখার জন্য নয়, আর সাধারণত এগুলো প্রকাশিতও হয় না, তথাপি এগুলো শিক্ষার্থীর শিক্ষার জন্য অপরিহার্য আর তাই আমাদের গবেষণার সংজ্ঞার অধীনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

গবেষণামূলক অধ্যয়নের জন্য আমরা সাধারণত ডেটা কন্ট্রোলার হিসাবে কাজ করি। এর অর্থ হল কিভাবে আপনার ব্যক্তিগত তথ্য তৈরি, সংগ্রহ, ব্যবহার, শেয়ার, সংরক্ষণাগারভুক্ত করা এবং মুছে ফেলা হবে (প্রক্রিয়াজাতকরণ) আমরা তা নির্ধারণ করব। যখন আমরা এটি করি আমরা নিশ্চিত করব যে আমরা প্রকল্পের জন্য যা প্রয়োজনীয় কেবল তাই সংগ্রহ করছি এবং আপনি এতে সম্মত আছেন। যদি অন্য কোনও সংস্থা আপনার তথ্য সম্পর্কে সিদ্ধান্ত নেয়, সেক্ষেত্রে এটি আপনাকে দেওয়া পার্টিসিপ্যান্ট ইনফরমেশন শিট-এ স্পষ্ট করা হবে।

যদি একাধিক সংস্থা কোনও একটি প্রকল্পে একসাথে কাজ করে, সেক্ষেত্রে একটি সুনির্দিষ্ট প্রকল্পের জন্য দুটি বা ততোধিক ডেটা কন্ট্রোলার থাকতে পারে। যদি এটি হয়, সেক্ষেত্রে সংস্থাগুলোর মধ্যে চুক্তি হবে যা তাদের দায়িত্বের রূপরেখা নির্ধারণ করে এবং এর বিস্তারিত বিবরণ আপনাকে দেওয়া পার্টিসিপ্যান্ট ইনফরমেশন শিট-এ সুস্পষ্ট করা হবে।

আপনার সম্পর্কে তথ্য

'ব্যক্তিগত ডেটা' মানে এমন কোনও তথ্য যা আপনাকে সনাক্ত করতে পারে। এটিতে আপনার নাম, লিঙ্গ, জন্ম তারিখ, ঠিকানা/পোস্টকোড বা আপনার মতামত বা চিন্তাভাবনার মতো অন্যান্য তথ্য অন্তর্ভুক্ত থাকতে পারে। এতে এমন তথ্যও অন্তর্ভুক্ত থাকতে পারে যার মাধ্যমে আপনাকে সনাক্ত করা সম্ভব হয়, যদিও আপনার নাম মুছে ফেলা হয়ে থাকে (যেমন উদ্ধৃতি বা সোশ্যাল মিডিয়া পোস্টিং)।

আমরা কেবলমাত্র তখনই ব্যক্তিগত তথ্য সংগ্রহ করব যখন তা সুনির্দিষ্ট গবেষণা প্রকল্প পরিচালিত করার জন্য উপযুক্ত এবং প্রয়োজনীয় হয়। আপনার সম্পর্কে আমরা যে সুনির্দিষ্ট তথ্য সংগ্রহ করব, তা গবেষক দল কর্তৃক আপনাকে দেওয়া পার্টিসিপ্যান্ট ইনফরমেশন শিট-এ তালিকাভুক্ত করা হবে।
আমরা আপনার সম্পর্কে এমন কিছু তথ্য প্রক্রিয়া করতে পারি যা 'সংবেদনশীল' বলে বিবেচিত হয় এবং এটিকে বলা হয় 'বিশেষ শ্রেণীর' ব্যক্তিগত ডেটা। এর মধ্যে আপনার জাতিসত্তা, যৌনতা, লিঙ্গ পরিচয়, ধর্মীয় বিশ্বাস, আপনার স্বাস্থ্য সম্পর্কিত বিবরণ বা অতীতে করা অপরাধের দণ্ডের মতো তথ্য অন্তর্ভুক্ত রয়েছে, তবে এগুলোতেই সীমাবদ্ধ নয়। এই জাতীয় ব্যক্তিগত তথ্যের জন্য অতিরিক্ত নিরাপত্তার প্রয়োজন হয়, বিশেষ করে শেয়ার করার ক্ষেত্রে, যা ইউনিভার্সিটি নিশ্চিত করে।

জিডিপিআর-এর অধীনে আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করার সময় আপনার অধিকার এবং স্বাধীনতা রক্ষা করতে আমাদের অবশ্যই বিশেষ নিরাপত্তার ব্যবস্থা থাকতে হবে এবং সেগুলো হল:

- নীতিমালা এবং পদ্ধতিগুলো যা আমাদের কর্মীদের এবং শিক্ষার্থীদের জানায় কিভাবে আপনার তথ্য নিরাপদে সংগ্রহ এবং ব্যবহার করতে হয়।
- প্রশিক্ষণ যা আমাদের কর্মী এবং শিক্ষার্থীদের ডেটা সুরক্ষার গুরুত্ব এবং কিভাবে আপনার ডেটা সুরক্ষিত রাখা যায় তা যেন বুঝতে পারে সেটিকে নিশ্চিত করে।
- নিরাপত্তার মান এবং প্রযুক্তিগত ব্যবস্থা যা আপনার তথ্য নিরাপদে এবং সুরক্ষিতভাবে সংরক্ষণ করাকে নিশ্চিত করে।
- ব্যক্তিগত তথ্য সম্পর্কিত সকল গবেষণা প্রকল্পগুলো ইউনিভার্সিটির নীতিমালা এবং পদ্ধতিগুলোর সাথে সামঞ্জস্য রেখে একটি রিসার্চ এথিকস কমিটি-এর দ্বারা যাচাই-বাছাই এবং অনুমোদন করা হয়।
- ইউনিভার্সিটির সাথে সম্পর্কিত নয় এমন সংস্থা বা ব্যক্তিদের সাথে করা চুক্তিতে আপনার তথ্যের নিরাপত্তার জন্য প্রতিটি পক্ষের দায়িত্ব নির্ধারণের জন্য গোপনীয়তা সংক্রান্ত ধারা রয়েছে।
- আমরা উচ্চ ঝুঁকির প্রকল্পগুলোতে ডেটা নিরাপত্তার প্রভাব মূল্যায়ন করি এটি নিশ্চিত করতে যে আপনার গোপনীয়তা, একজন স্বাধীন ব্যক্তি হিসাবে অধিকার বা স্বাধীনতা যেন প্রভাবিত না হয়।
- আমরা যদি ইউরোপের বাইরে সহযোগীদের ব্যবহার করি, তবে আমরা নিশ্চিত করব যে তাদের পর্যাপ্ত ডেটা নিরাপত্তা আইন আছে বা তারা গোপনীয়তা এবং নিরাপত্তা প্রকল্পগুলোর অংশ যেমন মার্কিন যুক্তরাষ্ট্রের গোপনীয়তার শিল্ড।

আমরা আপনার ব্যক্তিগত তথ্য নিয়ে গবেষণা করার সময় ইউনিভার্সিটির উপরোক্ত নিরাপত্তার পাশাপাশি, জিডিপিআর এবং ডিপিএ-এর জন্যও আমাদের নিচের মানদণ্ডগুলো পূরণ করতে হয়:

(a) গবেষণা কারও ক্ষতি বা সমস্যার সৃষ্টি করবে না (যেমন শারীরিক ক্ষতি, আর্থিক ক্ষতি বা মানসিক কষ্ট)।

(b) একজন একক ব্যক্তি সম্পর্কে কিছু করতে বা সিদ্ধান্ত নিতে গবেষণাটি করা হবে না, যদি না রিসার্চ এথিকস কমিটি দ্বারা চিকিৎসা গবেষণা প্রক্রিয়াকরণ অনুমোদিত হয়।

(c) ডেটা কন্ট্রোলারের প্রযুক্তিগত এবং সাংগঠনিক সুরক্ষা জায়গা মত প্রয়োগ করা রয়েছে (যেমন যথাযথ কর্মী প্রশিক্ষণ এবং নিরাপত্তার ব্যবস্থা)।

(d) যদি কোনও বিশেষ বিভাগের ডেটা প্রক্রিয়াকরণ করা হয়, এটি অবশ্যই হতে হবে অতিরিক্ত জনস্বার্থে পরীক্ষা করার সাপেক্ষে যাতে নিশ্চিত করা যায় যে গবেষণার উদ্দেশ্যগুলো পূরণের জন্য এই বিশেষ সংবেদনশীল তথ্যের প্রয়োজন রয়েছে।

আইনি অংশ

ডেটা সুরক্ষা আইনের প্রক্রিয়াকরণ এবং আপনার সম্পর্কিত ব্যক্তিগত ডেটা ব্যবহার করার জন্য আমাদের একটি বৈধ আইনি কারণ থাকতে হবে। এটিকে প্রায়শই "আইনি ভিত্তি" বলা হয়। আপনার সম্পর্কে তথ্য প্রক্রিয়া করার আইনি ভিত্তি যার উপর আমরা নির্ভর করি সেই ব্যাপারে আমাদের সাথে আপনার স্পষ্ট হওয়াত জিডিপিআর-এর একটি আবশ্যকতা।

গবেষণার আইনি কারণ হচ্ছে "*জনস্বার্থে পরিচালিত কোনও কার্য সম্পাদন বা নিয়ন্ত্রকের উপর নিযুক্ত সরকারী কর্তৃত্ব অনুশীলন করার জন্য প্রক্রিয়াকরণ জরুরি*' (জিডিপিআর-এর অনুচ্ছেদ 6):
সংবেদনশীল তথ্যের জন্য আইনি কারণ হচ্ছে: "*প্রক্রিয়াকরণ জনস্বার্থ, বৈজ্ঞানিক বা ঐতিহাসিক গবেষণা বা পরিসংখ্যানগত উদ্দেশ্যগুলো সংরক্ষণের জন্য প্রয়োজনীয়... যা অনুসৃত লক্ষ্য অনুসারে আনুপাতিক হবে, ডেটা সুরক্ষার অধিকারের মূল বক্তব্যকে সম্মান করে এবং মৌলিক অধিকার এবং ডেটার বিষয়গুলোর স্বার্থ রক্ষার জন্য উপযুক্ত এবং সুনির্দিষ্ট ব্যবস্থা প্রদান করে""*। (জিডিপিআর-এর অনুচ্ছেদ 9)।

গবেষণায় যখন অপরাধমূলক দণ্ডাজ্ঞাগুলো জড়িত হয়, তখন শিডিউল 1-এ আইনি কারণ তালিকাভুক্ত থাকে
প্রোটেকশন অ্যাক্ট 2018, যা বিশেষ সুরক্ষার ব্যবস্থা থাকা আবশ্যক করে।

যেখানে আমাদের অন্য কোনও আইনি কারণের উপর নির্ভর করতে হবে, যেমন সম্মতি, তখন এটি আপনাকে দেওয়া পার্টিসিপ্যান্ট ইনফরমেশন শিট-এ তালিকাভুক্ত করা হবে। ক্লিনিক্যাল ট্রায়াল বা মেডিক্যাল সমীক্ষায়, যেমন, আমরা নিম্নলিখিত কারণগুলো ব্যবহার করতে পারি:

> *""প্রক্রিয়াকরণ প্রতিরোধমূলক বা ব্যবসায়িক ওষুধের উদ্দেশ্যের জন্য, কর্মচারীর কাজের ক্ষমতা, রোগ নির্ণয়, হেলথ বা সোশ্যাল কেয়ার বা চিকিৎসার বিধান মূল্যায়নের জন্য বা ইউনিয়ন বা মেম্বার স্টেট ল'য়ের ভিত্তিতে হেলথ বা সোশ্যাল কেয়ার ব্যবস্থা এবং পরিষেবাদির ব্যবস্থাপনার বা হেলথ প্রফেশনালের সাথে করা চুক্তি অনুসারে এবং শর্তাবলী এবং সুরক্ষার সাপেক্ষে প্রয়োজনীয়""*।

আমরা আরও গবেষণার উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত তথ্যও ব্যবহার করতে পারি, যেমন একই রকম গবেষণা বিষয়গুলোর উপর অন্যান্য বিশ্লেষণ বা ভবিষ্যত প্রকল্পসমূহ। এটি দ্বিতীয় পর্যায়ভুক্ত ব্যবহার বা উদ্দেশ্য হিসাবে পরিচিত।

আমরা এটি করতে চাইলে এটি আপনার কাছে পার্টিসিপ্যান্ট ইনফরমেশন শিট-এর মাধ্যমে ব্যাখ্যা করা হবে এবং আমরা নিশ্চিত করব যে আপনার তথ্য এমনভাবে ব্যবহার করা হবে না যা আপনার উপর সরাসরি প্রভাব ফেলতে পারে (যেমন ক্ষতি বা সমস্যা) বা আপনার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার দিকে নিয়ে যেতে পারে।

আপনার তথ্য শেয়ার করা

আপনার ব্যক্তিগত তথ্য সর্বদাই গোপন রাখা হবে এবং গবেষকদের এটি অসনাক্তকরণযোগ্য করতে (বেনামে), ছদ্মনাম দিতে (যে কোনও তথ্য যা আপনাকে সনাক্ত করতে পারে যেমন আপনার নাম এবং একটি স্বতন্ত্র কোড বা কি দিয়ে এটি প্রতিস্থাপন করা) বা যত তাড়াতাড়ি সম্ভব এটি মুছে ফেলতে বলা হয়। তবে কিছু ক্ষেত্রে গবেষণার লক্ষ্য অর্জনের জন্য এটি প্রয়োজনীয় বলে আপনার তথ্য অসনাক্তকরণযোগ্য করা সম্ভব হবে না। যদি এমনটি ঘটে তবে আপনাকে পার্টিসিপ্যান্ট ইনফরমেশন শিট-এর মাধ্যমে জানানো হবে।

প্রকল্পটি পরিচালনার জন্য আপনার ব্যক্তিগত তথ্যের পাশাপাশি যে কোনও অসনাক্তকরণযোগ্য তথ্য কেবল গবেষণা দলের সদস্যদের সাথে শেয়ার করা হবে। তাদের যদি আপনার তথ্য ইউরোপীয় অর্থনৈতিক অঞ্চলের বাইরের অন্য কারও সাথে শেয়ার করার প্রয়োজন হয় (যার মধ্যে ইউরোপীয় ইউনিয়নের সকল দেশ সহ নরওয়ে, আইসল্যান্ড এবং লিখটেনস্টাইন রয়েছে), সেক্ষেত্রে পার্টিসিপ্যান্ট ইনফরমেশন শিট-এ আপনাকে জানানো হবে যে তারা কারা এবং কেন করা হল।

আমরা মাঝে মাঝে তৃতীয় পক্ষের সরবরাহকৃত পণ্য বা পরিষেবাগুলোও ব্যবহার করি যারা আমাদের পক্ষ হয়ে কোনও কার্য সম্পাদন করে থাকে, যেমন ব্যবসায়ের জন্য ড্রপবক্স, যা গবেষণার তথ্য শেয়ার করার জন্য ব্যবহৃত হয়। এই তৃতীয় পক্ষগুলো ডেটা প্রসেসর হিসাবে পরিচিত এবং যখন আমরা তাদের ব্যবহার করি তখন আপনার তথ্য যেন নিরাপদ থাকে তা নিশ্চিত করার জন্য আমরা চুক্তিগুলো করি। তবে এটি সব সময় এটি বুঝায় না যে তারা আপনার তথ্য অ্যাক্সেস করে কিন্তু যদি তারা এটি করে তবে পার্টিসিপ্যান্ট ইনফরমেশন শিট-এ বর্ণিত হবে। ডেটা কন্ট্রোলার হিসাবে, আমরা পুরো গবেষণা জুড়ে আপনার তথ্য নিরাপদ রাখার জন্য দায়বদ্ধ থাকব।

গবেষণার লক্ষ্যগুলো সম্পূর্ণ করার জন্য আমরা কেবল ততক্ষণই আপনার ব্যক্তিগত তথ্য রেখে দেব ঠিক যতক্ষণ আমাদের প্রয়োজন হবে। তবে, বাহ্যিক তহবিল প্রদানকারী বা আমাদের নীতিমালা এবং পদ্ধতির প্রয়োজন হিসাবে, কিছু ব্যক্তিগত তথ্য (সম্মতির স্বাক্ষরিত রেকর্ড সহ) সর্বনিম্ন সময়ের জন্য রাখা হবে। আমরা আমাদের ধারণের সময়সূচীতে কতক্ষণ এই তথ্য রাখব সেই সম্পর্কে আপনি আরও পড়তে পারেন। **পার্টিসিপ্যান্ট ইনফরমেশন শিট আপনার ব্যক্তিগত তথ্য কত দিন এবং কোন উদ্দেশ্যে রাখা হবে তা জানিয়ে দেবে।**

কিছু গবেষণা প্রকল্পের জন্য, আপনার অসনাক্তযোগ্য বা ছদ্মনামযুক্ত তথ্য প্রকল্প শেষ হওয়ার পরেও রেখে দেওয়া হবে, ডেটা সংগ্রহস্থল / অনলাইন সংরক্ষণাগারগুলোতে রাখা হবে অন্যান্য গবেষকদের সাথে শেয়ার করা হবে বা ভবিষ্যতের গবেষণায় ব্যবহার করা হবে। গবেষকরা যদি আপনার তথ্য দিয়ে এটি করতে চান তবে আপনাকে পার্টিসিপ্যান্ট ইনফরমেশন শিট-এ বলে দেওয়া হবে।

গবেষণা সংগ্রহস্থল ব্যবহার করার সময়, গবেষকদের প্রায়শই তাদের সহায়ক বা অন্তর্নিহিত ডেটা আপলোড করার প্রয়োজন হয় যা সনাক্তযোগ্য বা সংবেদনশীল হতে পারে। কেবল অনুমোদিত ব্যক্তিরা যেন তথ্য অ্যাক্সেস করতে পারেন তা নিশ্চিত করার জন্য সংগ্রহস্থলের প্রযুক্তিগত নিয়ন্ত্রণ রয়েছে।

আপনার অধিকারসমূহ

আইন অনুসারে আমাদের কাছে আপনার সম্পর্কিত থাকা ব্যক্তিগত তথ্যে আপনার অধিকার রয়েছে। এর মধ্যে যা করার অধিকার রয়েছে:

- তথ্য দেখা/তথ্যের কপি প্রাপ্ত হওয়া;
- যে কোনও ভুল তথ্য সংশোধন করা;
- কোনও তথ্য মুছে ফেলা;
- আমাদের তথ্য প্রক্রিয়াকরণ সীমিত বা উদ্বেগ উত্থাপন করা;
- আপনার তথ্য সরিয়ে ফেলা ("বহনযোগ্যতা")।

এই অধিকারগুলো শুধুমাত্র আপনার তথ্য বেনামে রাখার আগে প্রযোজ্য কারণ এটি একবার করা হয়ে গেলে আমরা আর আপনার সুনির্দিষ্ট তথ্য সনাক্ত করতে পারি না। কখনও কখনও আপনার অধিকারগুলো সীমিত হতে পারে যদি এটি গবেষণায় বাধা দেয় বা বিলম্বিত করে। যদি এটি ঘটে তবে আপনাকে অবহিত করা হবে এবং আপনার ইনফরমেশন কমিশনারের কাছে এ বিষয়ে অভিযোগ করার অধিকার থাকবে।

আপনার ব্যক্তিগত তথ্য কিভাবে ব্যবহৃত হয় সে সম্পর্কে আপনার যদি কোনও প্রশ্ন থাকে, বা আপনার কোনও অধিকার প্রয়োগ করতে চান, সেক্ষেত্রে অনুগ্রহ করে ইউনিভার্সিটির ডেটা প্রোটেকশন ওয়েবপেজগুলো দেখুন।আপনার যদি আরও সহায়তার প্রয়োজন হয়, সেক্ষেত্রে অনুগ্রহ করে ইউনিভার্সিটির ডেটা প্রোটেকশন অফিসার, অ্যালেক্স ডেব্যাংকের (dataprotection@manchester.ac.uk) সাথে যোগাযোগ করুন বা লিখুন:

ডেটা প্রোটেকশন অফিসার

Information Governance Office, Christie
Building University of Manchester,
Oxford Road Manchester M13 9PL

আপনার তথ্য যেভাবে পরিচালনা করা হচ্ছে তা, বা আমাদের কাছ থেকে প্রাপ্ত প্রতিক্রিয়া নিয়ে, আপনি যদি খুশি না হন সেক্ষেত্রে আপনার Wycliffe House, Water Lane, Wilmslow, SK9 5AF (https://ico.org.uk/) ঠিকানাস্থিত ইনফরমেশন কমিশনার অফিস-এ অভিযোগ দায়ের করার অধিকার রয়েছে।